

মাটিতে খাবার লবন প্রয়োগ মারাত্মক ক্ষতিকর



ফসলের অধিক ফলনের আশায় অন্যান্য সার ব্যবহারের পাশাপাশি জমিতে খাওয়ার লবন প্রয়োগ করা মোটেও ঠিক নয়। যা ফসল উৎপাদনে কোন উপকার করে না বরং মারাত্মক ক্ষতি করে। খাওয়ার লবন সোডিয়াম এবং ক্লোরিন দ্বারা গঠিত। মাটিতে এগুলির পরিমাণ বাড়লে বিষাক্ততা দেখা দেয়। খাওয়ার লবন জমিতে দিলে সাময়িক কিছু ভাল ফলাফল দেখা গেলেও তা জমির ফসল উৎপাদন ক্ষমতা কমিয়ে দেয় এবং জমিকে অনুর্বর করে তোলে। মাটিতে খাওয়ার লবন প্রয়োগ করলে যে সকল ক্ষতি হয় তা হলো-

সময় মতো
মাটি পরীক্ষার ভিত্তিতে
ক্ষেতে সার প্রয়োগ করে
অধিক ফসল ঘরে তুলুন



অন লাইন সার
সুপারিশের জন্য
www.frs-bd.com
ব্যবহার করুন

১. লবনাক্ততা মাটির উর্বরতা কমিয়ে দেয়। মাটিতে পর্যাপ্ত পুষ্টি উপাদান থাকলেও গাছ তা ব্যবহার করতে পারে না। গাছে টিএসপি বা ডিএপি সার বা এমওপি সার ব্যবহার করলেও লবন প্রয়োগের জন্য কোন উপকার হয় না;
২. এছাড়াও গাছ মাটি থেকে পানি গ্রহণ না করতে পেরে দুর্বল হয়ে পড়ে কারণ লবনের সোডিয়াম ও ক্লোরিন গাছের পানি নেয়ার অভিশ্রবণ প্রক্রিয়াকে বাধা দেয়;
৩. খাওয়ার লবনের কারণে কচি শিকড়ের মুখ পুড়ে যায়। কারণ লবন মাটিতে ক্ষারীয় অবস্থা সৃষ্টি করে। ফলে শিকড় দিয়ে গাছ পুষ্টি নিতে পারে না ফলে গাছের রোগ সৃষ্টি হয়। এ ছাড়া কচি শিকড়ের মুখ পুড়ে যাওয়ার কারণে গাছের শিকড়ের বিস্তার কমে যায় এবং গাছ হলুদ হয়ে যায়;
৪. মাটির উপকারী অনুজীব নষ্ট হয়, যার ফলে মাটি তার স্বাভাবিক কাজ করতে পারে না। ফলে গাছের বিভিন্নভাবে ক্ষতি হয়ে থাকে;
৫. গাছের ভিতরের প্রয়োজনীয় উপকারী রস শিকড় দিয়ে মাটিতে চলে যায়। কারণ লবন প্রয়োগ করলে গাছের মধ্যকার রসের ঘনত্বের চেয়ে মাটির মধ্যকার পানির ঘনত্ব বেড়ে যায় ফলে গাছের রস মাটির পানিতে চলে আসে। ফলে গাছ দুর্বল হয়ে মারা যায়;
৬. বীজের অংকুরোদগম ক্ষমতা নষ্ট হয়ে যায়। লবনাক্ত মাটিতে গাছের কচি অংকুর বের হতে পারে না ফলে উৎপাদন ও ফলন উভয়ে কমে যায়;
৭. এছাড়া খাওয়ার লবন প্রয়োগের কারণে মাটির গঠন ভেঙ্গে যায়। ফলে সঠিক মাত্রায় মাটিতে পানি ও বাতাস থাকতে পারে না। আর পানি ও বাতাস পরিমাণ মত না থাকলে গাছের শিকড় সঠিক ভাবে শ্বাস-প্রশ্বাস নিতে পারে না, ফলে গাছ সহজে পানি গ্রহণ করতে পারে না।

বিস্তারিত তথ্যের জন্য উপজেলা কৃষি অফিস বা উপসহকারী কৃষি কর্মকর্তার পরামর্শ নিন। এছাড়াও যে কোন মোবাইল ফোন হতে **১৬১২৩** নম্বরে ফোন করে প্রতিদিন সকাল ৭.০০ টা হতে রাত ৯.০০ টা পর্যন্ত সরাসরি কৃষি বিষয়ক তথ্য জানুন। (এই সেবা শুক্রবার ও অন্যান্য ছুটির দিন বন্ধ থাকে)



কৃষি তথ্য সার্ভিস, রাজশাহী
www.ais.rajshahi.gov.bd

